# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ মহান আল্লাহর বিশেষণ, তাকদীর ইত্যাদি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৪. আল্লাহর বিশেষণ বিষয়ে ইমাম আযমের মত / ৪. ১. বিভ্রান্তদের স্বরূপ উন্মোচন

৪. ১. বিভ্রান্তদের স্বরূপ উন্মোচন

ইমাম আযম বিভিন্ন বক্তব্যে মুতাযিলীগণের ইলম কালামের ভয়াবহতা, জাহমের ব্যাখ্যা-তত্ত্ব এবং মুকাতিলের তুলনা-তত্ত্ব বিষয়ে সতর্ক করেছেন। তিনি বলতেন:

أتانا من المشرق رأيان خبيثان جهم معطل ومقاتل مشبه

‘‘পূর্ব দিক (ইরান-খুরাসান) থেকে দুটি অপবিত্র নোংরা মতবাদ আমাদের নিকট আগমন করেছে: (১) মহান আল্লাহর বিশেষণগুলো অকার্যকরকারী জাহমের মতবাদ এবং (২) মহান আল্লাহকে সৃষ্টির সাথে তুলনাকারী মুকাতিলের মতবাদ।’’[1]

তিনি আরো বলতেন:

لعن الله عمرو بن عبيد فإنه فتح للناس بابا إلى علم الكلام وقاتل الله جهم بن صفوان ومقاتل بن سليمان هذا أفرط فى النفي وهذا أفرط فى التشبيه

‘‘আল্লাহ অভিশপ্ত করুন (মুতাযিলী মতবাদের প্রতিষ্ঠাতা-প্রচারক) আমর ইবন উবাইদকে; কারণ সে মানুষের জন্য ইলম কালামের দরজা খুলেছে; আল্লাহ ধ্বংস করুন জাহম ইবন সাফওয়ানকে ও মুকাতিল ইবন সুলাইমানকে; কারণ একজন অস্বীকারে সীমালঙ্ঘন করেছে এবং অন্যজন তুলনায় সীমালঙ্ঘন করেছে।’’[2]

ইমাম আবূ হানীফার আকীদা বর্ণনা প্রসঙ্গে প্রসিদ্ধ হানাফী ফকীহ সায়িদ ইবন মুহাম্মাদ ইবন আহমদ নাইসাপূরী (৩৪৩-৪৩২ হি) বলেন, জারূদ ইবন ইয়াযীদ বলেন:

سمعت أبا حنيفة- رضي الله عنه- يقول: نفى جهم، حتى قال: لا شيء، وغضب على التنْزيل، قال: فقال له الجارود: ما تقول أنت رحمك الله؟ قال: أنا أقول كما قال الله تعالى في تنْزيله، ورُوِي عن رسول الله ﷺ

‘‘আমি আবূ হানীফা (রা)-কে বলতে শুনলাম: জাহম (মহান আল্লাহর বিশেষণ) এমনভাবে অস্বীকার করল যে, সে বলল: (মহান আল্লাহ) কিছুই নন। আর সে কুরআনের উপরেও বিরক্ত-ক্রোধান্বিত। জারূদ বলেন, আমি বললাম:

আল্লাহ আপনাকে রহম করুন, আপনার মত কী? তিনি বলেন: আমি তাই বলি যা মহান আল্লাহ কুরআনে বলেছেন এবং রাসূলুল্লাহ (ﷺ) থেকে বর্ণিত হয়েছে।”[3]

## ফুটনোট

[1] খতীব বাগদাদী, তারীখ বাগদাদ ১৩/১৬৪; আইনী, মাগানীল আখইয়ার ৫/৮২।

[2] খতীব বাগদাদী, তারীখ বাগদাদ ১৩/৩৮২; কুরাশী, তাবাকাতুল হানাফিয়্যাহ ১/৩১

[3] সায়িদ নাইসাপূরী, আল-ই’তিকাদ, পৃষ্ঠা ৯২-৯৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7149

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন